NYC Department of Education

NYC Mayor's Office of Immigrant Affairs

21 মার্চ, 2017

প্রিয় শিক্ষার্থী ও পরিবারবর্গ:

আমাদের এই চিঠিটি 30 জানুয়ারি, 2017 তারিখে লেখা চিঠির হালনাগাদকরণ এবং অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন নিউ ইয়র্ক সিটির প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুলে পড়ার অধিকার সংরক্ষণে আমরা যে প্রতিশ্রুতিবদ্ধ সেটি আবারও সুনিশ্চিত করছি। আপনার সন্তান আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার, এবং এবং তাকে নিরাপদ রাখতে ওসকল শিক্ষার্থী যাতে গুণগত শিক্ষা লাভ করে সেটি নিশ্চিত করতে আমাদের ক্ষমতায় যতটা সম্ভব আমরা সেটি করবো।

সকল শিক্ষার্থীর নিরাপদ, যত্নশীল পরিবেশে শিক্ষালাভ অব্যাহত থাকুক সেবিষয়টি নিশ্চিতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে, আমরা স্কুল কর্মী সদস্যদেরকে নিচে প্রদত্ত **বাড়তি নির্দেশনা** প্রদান করছি:

**ইমিগ্রেশন এবং কাস্টমস্ এনফোর্সমেন্ট (ICE) কর্মীদের স্কুলে প্রবেশের অনুমতি দেয়া হবে না, এর ব্যতিক্রম শুধু আইনগত বাধ্যবাধকতার ক্ষেত্রে।**

বর্তমান ফেডারেল পলিসি ইমিগ্রেশন-সম্পর্কিত গ্রেফতার, ইন্টারভিউ, তল্লাশি, এবং বিভিন্ন স্পর্শকাতর স্থানের নজরদারিকে সীমিত করে, এর অন্তর্ভুক্ত স্কুলগুলোও। ফেডারেল আইন প্রয়োগকারী অফিসারগণ, যার অন্তর্ভুক্ত ইমিগ্রেশন অফিসারও, শুধুমাত্র আইনি বাধ্যবাধকতার ক্ষেত্রে ডিওই স্কুলসমূহে প্রবেশের অনুমতি লাভ করবে, এবং তাও স্কুল ডিওই আইনজীবীদের সাথে পরামর্শ করার পরে। যদি কোন আইসিই অফিসার ইমিগ্রেশন বিষয়ক আইন প্রয়োগের উদ্দেশ্যে স্কুলে আসে, স্কুল সেফটি এজেন্ট প্রিন্সিপ্যালকে কল করবে এবং প্রিন্সিপ্যাল সেফটি ডেস্কে আইসিই অফিসারের সাথে মিলিত হবেন। প্রিন্সিপ্যাল অফিসারকে পরামর্শ দেবেন, যেসময় প্রিন্সিপ্যাল ডিওই আইনজীবীদের সাথে কথা বলেন সেই সময়ে অফিসার যেন অবশ্যই স্কুল বিল্ডিংয়ের বাইরে অবস্থান করেন। ডিওই আইনজীবীদের সাথে পরামর্শের পরে প্রিন্সিপ্যাল পিতামাতা অথবা অভিভাবককেও জানাবেন। সাধারণভাবে বলা যেতে পারে, ফেডারেল আইন প্রয়োগকারী অফিসারগণকে শুধুমাত্র তখনই প্রবেশের অনুমতি প্রদান করা হবে যখন তাদের কাছে যথাযথ বিচারিক আদেশ থাকবে অথবা খুব স্বল্প ক্ষেত্রে নির্দিষ্ট কিছু ধরনের জরুরি পরিস্থিতি বিরাজ করে এবং জরুরি ব্যবস্থা গ্রহণের আবশ্যিকতা থাকে।

**আইনি বাধ্যবাধকতা না থাকলে ডিওই কোন শিক্ষার্থীর তথ্য প্রকাশ করবে না।**

যদি কোন আইন প্রয়োগকারী অফিসার, এর অন্তর্ভুক্ত আইসিই অফিসার, কোন শিক্ষার্থীর রেকর্ড দেখতে চায়, প্রিন্সিপ্যাল অফিসারের আইনি কাগজপত্র চাইবেন, এবং সেগুলি ডিওই আইনজীবীর কাছে পাঠাবেন এবং তার নির্দেশনার জন্য অপেক্ষা করবেন। ডিওই আইনজীবীদের সাথে পরামর্শের পরে প্রিন্সিপ্যাল পিতামাতা অথবা অভিভাবককেও জানাবেন।

**ডিওই এবং মেয়রের অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA)শিক্ষার্থী, পিতামাতা, এবং কম্যুনিটি সদস্যদের জন্য আপনার অধিকার সম্পর্কে জানুন বিষয়ক কর্মশালা বৃদ্ধি করছে।**

ফোর্ডহ্যাম ল ইমিগ্র্যান্ট প্রিপেয়ার্ডনেস প্রোজেক্ট, ক্যাথলিক চ্যারিটিজ এবং অন্য আইনি পরিষেবা প্রদানকারীদের সাথে অংশীদারত্ব তৈরি করে, আমরা শিক্ষার্থীদের জন্য 100টি নো ইয়র রাইটস্ ওয়ার্কশপ প্রদান করছি যা সিটিব্যাপী স্কুল সময়ে, আফটার স্কুল, এবং স্কুলের আগে লভ্য হবে। এই 100টি ফোরাম সিটিব্যাপী কম্যুনিটি স্কুল এবং ইন্টারন্যাশনাল স্কুলসহ, বিভিন্ন স্কুলে অনুষ্ঠিত হবে। এইসব ট্রেনিং শিক্ষার্থীদেরকে ইমিগ্র্যান্ট নিউ ইয়র্কারদের অধিকার সম্পর্কে শিক্ষিত করে তোলে এবং সিটি পরিষেবা, সুরক্ষা পরিকল্পনা, এবং জালিয়াতি প্রতিরোধ বিষয়ে তাদেরকে তথ্য প্রদান করে। অনেক কর্মশালা অংশগ্রহণকারীদেরকে স্কুলের অ্যাকশনএনওয়াইসি-র মাধ্যমে আইনি পরিষেবার সাথে যুক্ত করবে।

আমরা আমাদের ফিল্ড সাপোর্ট সেন্টারগুলির মাধ্যমে পরিবারবর্গকে বরো-ভিত্তিক ফ্রি, ট্রেনিংও প্রদান করছি। এইসব ট্রেনিং বৃদ্ধি আমরা অব্যাহত রাখবো এবং আগামী সপ্তাহগুলিতে বাড়তি অধিবেশন প্রদানের লক্ষ্যে কম্যুনিটি-ভিত্তিক সংগঠনসমূহের সাথে অংশীদারত্ব গড়ে তুলবো।

**ডিওই স্কুলগুলিকে বাড়তি পাঠ্যক্রম রিসোর্স এবং সামাজিক-মানসিক সহায়তাও প্রদান করছে।**
আমরা প্রতিটি স্কুল বিল্ডিংয়ে নিরাপদ, সহায়ক এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষণ পরিবেশ প্রদানে নিবেদিত। বৈচিত্রপূর্ণ এবং অন্তর্ভুক্তিমূলক বিষয়ে মর্যাদাশীল আলোচনা বৃদ্ধি করে এমন কর্মী ও শিক্ষার্থী আলোচনা কীভাবে সহজতর করা যায় সেবিষয়ে স্কুলগুলি গাইডেন্স পাচ্ছে।

**পরিবারসমূহের উচিত স্কুল রেকর্ড হালনাগাদ করা।**
স্মারক হিশেবে বলা যায় যে, ডিওই শিক্ষার্থীদের অভিবাসনগত অবস্থার তথ্য চায় না। সকল পিতামাতা এবং পরিবারের কাছে আমাদের অনুরোধ - স্কুল রেকর্ড হালনাগাদ করুন যাতে নিশ্চিত হওয়া যায় যে আমাদের ফাইলে হালনাগাদ তথ্য রয়েছে, এবং এর মধ্যে আছে পিতামাতা অথবা অভিভাবকদের যোগাযোগের তথ্য এবং প্রত্যেক শিক্ষার্থীর জন্য ন্যূনতম দুটি বাড়তি নাম এবং যোগাযোগের ফোন নম্বর। কোন অবস্থায় যদি পিতামাতা অথবা অভিভাবক স্কুল থেকে শিক্ষার্থীকে নিতে না পারেন, স্কুল এই তথ্য ব্যবহার করে বিশ্বস্ত ব্যক্তিকে যাতে খুঁজে পান যিনি পিতামাতা/অভিভাবকের অনুপস্থিতিতে শিক্ষার্থীকে নিতে পারেন।

**অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কারের সিটি পরিষেবা লাভ অব্যাহত থাকবে।**
311 নম্বরে ফোন করুন। আপনার যদি কোন প্রশ্ন থাকে, এবং ডিওই-র ইমিগ্রেশন গাইডেন্স এবং আপনার ও আপনার পরিবারের সহায়তা সম্পর্কিত আরও জানতেhttp://schools.nyc.gov/supportingallstudents সাইট দেখুন।

এছাড়া, আপনার আরও বাড়তি প্রশ্ন থাকতে পারে সেটি বিবেচনা করে আমরা বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির ডকুমেন্টটি হালনাগাদ করেছি। মেয়রের অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স থেকে আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/immigrants সাইটে যান।

নিউ ইয়র্ক সিটিতে আমরা স্ট্যাচু অভ লিবার্টির আদর্শ ধারণ করে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা ইমিগ্র্যান্টদের একটি জাতি, এবং আমরা ইমিগ্র্যান্টদের একটি সিটিও। আমাদের ভিন্নতার কারণেই আমরা শক্তিশালী। আজ, সকল নিউ ইয়র্কারদের পাশে, আমরা আবারও সুনিশ্চিত করছি আপনার পাশে দাঁড়ানোর ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

বিশ্বস্ত,





কারমেন ফারিনিয়া
চ্যানসেলর
এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

নিশা আগরওয়াল
কমিশনার
মেয়রস্ অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স